



বাংলাদেশ কৃষি ব্যাংক

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৯৫৭৬৬৫৩
ই-মেইলঃ dgmicstsystem@krishibank.org.bd
ওয়েবসাইটঃ www.krishibank.org.bd



পত্র নং- বিকেবি/প্রকা/আইসিটি(সিস্টেমস)/গাইডলাইনস/১৩(১)/২০২০-২০২১/৩৩০৮

তারিখঃ ০৪/০৪/২০২১

উপমহাব্যবস্থাপক (সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়) ও
ব্যবস্থাপক (সকল অনলাইন শাখাসমূহ)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ অনলাইনে মাইগ্রেশনকৃত শাখাসমূহের সকল ঋণ ও আমানত হিসাবের সঠিক প্রভিশন (Back Month Provision)
ও অন্যান্য তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০০০ টি শাখায় CBS এর মাধ্যমে Online Banking কার্যক্রম পরিচালিত হচ্ছে।
তন্মধ্যে ৩০ শে জুন, ২০২০ এর পরবর্তী সময়ে আপনাদের সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সর্বাত্মক সহযোগিতায় সর্বমোট ৫৪৬ টি শাখায়
অনলাইন ব্যাংকিং কার্যক্রম প্রবর্তন করা সম্ভব হয়েছে। অনলাইনে মাইগ্রেশনকৃত শাখাসমূহকে চলতি অর্ধবছরে মাইগ্রেশনের পূর্ববর্তী
মেয়াদের জন্য অর্থাৎ অফলাইনে থাকাকালীন সময়ের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সঠিকভাবে প্রাপ্তির লক্ষ্যে CBS এর সংশ্লিষ্ট খাতে বিদ্যমান
সকল ঋণ ও আমানত হিসাব এবং IBTA এর বিপরীতে প্রভিশন ভাউচার প্রস্তুতপূর্বক পোস্টিং প্রদান করতে হয়।

০২. অনলাইনে মাইগ্রেশন হওয়ার মাসের পূর্বের মাস পর্যন্ত শাখায় বিদ্যমান সকল লোন ও ডিপোজিট প্রোডাক্ট সমূহের বিপরীতে প্রভিশন
প্রস্তুতিকরণ এবং প্রতি মাসের শেষ কর্মদিবসে মাসিক হিসাব সমাপনীর পূর্বে এবং বিশেষ করে অর্ধ-বার্ষিক/বার্ষিক হিসাব সমাপনীর পূর্বে
অবশ্যই সকল ঋণ হিসাবগুলো সঠিক CL Marking (UC/SS/DF/BL) সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের একাধিক স্পষ্ট
নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক সকল কার্যাদি সঠিকভাবে সম্পন্ন না করলে ঋণ ও বিভিন্ন আমানত হিসাবে সুদের হিসাবায়ন
যথাযথভাবে হবে না বিধায় বিষয়টি সম্পর্কে কর্তৃপক্ষ গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

০৩. এমতাবস্থায়, যে সকল শাখাসমূহকে ৩০ জুন, ২০২০ তারিখের পর অনলাইনে মাইগ্রেশন সম্পন্ন করা হয়েছে কিন্তু শাখা কর্তৃক
অদ্যাবধি মাইগ্রেশনের পূর্বের মাস পর্যন্ত (Back Month Provision) প্রভিশন ভাউচার প্রস্তুতপূর্বক CBS এর সংশ্লিষ্ট খাতে পোস্টিং
প্রদান করা হয়নি; সে সকল শাখাকে আগামী ১৫/০৪/২০২১ তারিখের মধ্যে তা সম্পন্ন করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সদয়
অনুমোদনক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

- যে শাখা যে মাসে অনলাইনে মাইগ্রেশন হয়েছে, সে শাখার জন্য মাইগ্রেশনের মাস হতে সিবিএস সফটওয়্যার স্বয়ংক্রিয়ভাবে
প্রভিশন তৈরী করবে। তবে মাইগ্রেশনের পূর্ববর্তী মাস পর্যন্ত সকল ঋণ এবং আমানত হিসাবের বিপরীতে প্রভিশন ভাউচার
প্রস্তুতপূর্বক তা CBS এর সংশ্লিষ্ট খাতে পোস্টিং প্রদান করতে হবে। অন্যথায় শাখার আয়/ব্যয় বিবরণী সঠিক তথ্য পাওয়া যাবে
না।
- আন্তঃশাখা লেনদেন হিসাব (IBTA) এর ক্ষেত্রে যে তারিখের ব্যকআপ ডাটা নিয়ে মাইগ্রেশন সম্পন্ন হয়েছে তার আগের দিন
পর্যন্ত প্রভিশনের ভাউচার প্রস্তুতপূর্বক তা CBS এর সংশ্লিষ্ট খাতে পোস্টিং প্রদান করতে হবে।
- এছাড়াও শাখা কর্তৃক বিভিন্ন সময়ে হিসাব সমন্বয়ের নিমিত্তে নানা খাতে/উপখাতে রক্ষিত অসমন্বিত ছিটিসমূহ যথাযথভাবে
মিলকরণ করতে হবে এবং সকল অসমন্বিত DD, PO, ৫২ এবং ৪১ ও ১৩১এর বিভিন্ন উপখাত-এর রেজিস্টার নির্ভুলভাবে প্রস্তুত
করতে হবে। আরো উল্লেখ্য যে, ডিপোজিট ও লোন লেজারের ব্যালান্সের সাথে স্ব স্ব জিএল ব্যালান্স এর কোনরূপ পার্থক্য
পরিলক্ষিত হয় কিনা যাচাইপূর্বক উক্ত পার্থক্যের কারন অনুসন্ধান করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।

৩.১. ঋণ হিসাবের প্রভিশন ভাউচার প্রস্তুতকরণের লক্ষ্যে হিসাবায়নের নিয়মাবলীঃ

যে মাসে অনলাইনে গেছে, তার আগের মাস পর্যন্ত সুদ আয়ের বিপরীতে প্রভিশন ভাউচার প্রস্তুত পূর্বক CBS এর সংশ্লিষ্ট খাতে পোস্টিং
প্রদান করতে হবে। এই প্রভিশন হিসাব করার পূর্বে নিম্নলিখিত কার্যাদি যথাযথভাবে সম্পন্ন করতে হবেঃ

